কুষ্টিয়ার মিরপুর রেলস্টেশনে ট্রেনের ধাক্কায় যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে বোনের বাড়িতে বেড়াতে এসে ট্রেনের ধাক্কায় শুভ দেওয়ান (২৮) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। বুধবার (৩ জুন) দুপুরে মিরপুর রেলওয়ে স্টেশনে এ দুর্ঘটনা ঘটে।

নিহত শুভ দেওয়ান রাজশাহীর গোদাগাড়ী উপজেলার পাকড়ী উত্তরপাড়া গ্রামের সেলিম দেওয়ানের ছেলে। তিনি ঢাকার একটি গার্মেন্টস কারখানায় কর্মরত ছিলেন।

পুলিশ ও পারিবারিক সূত্রে জানা যায়, শুভ দেওয়ান ঈদের ছুটিতে বাড়িতে এসে রাজশাহী থেকে ট্রেনে করে কুষ্টিয়ার মিরপুরে বোনের বাড়িতে যাচ্ছিলেন। মিরপুর রেলওয়ে স্টেশনে নেমে মোবাইল ফোনে কথা বলতে বলতে রেললাইন পার হওয়ার সময় একটি ট্রেনের ধাক্কায় ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

পোড়াদহ রেলওয়ে থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নাসির খান বলেন, শুভ দেওয়ান তার স্ত্রীকে সঙ্গে নিয়ে মিরপুরে দুলাভাইয়ের বাড়িতে আসছিলেন। মিরপুর স্টেশনে নেমে রাস্তা পার হওয়ার সময় বিপরীত দিক থেকে আসা একটি ট্রেন তাকে ধাক্কা দিলে ঘটনাস্থলেই তিনি নিহত হন।

তিনি আরও বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে সুরতহাল প্রতিবেদন প্রস্তুত করে। পরে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা সাপেক্ষে নিহতের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

কোটচাঁদপুরে মালবাহী ট্রেনের বগি লাইনচ্যুত, ৫ ঘন্টা রেল

চলাচল বন্ধ

ঝিনাইদহের কোটচাঁদপুরে সাফদারপুর রেল স্টেশন এলাকায় মালবাহী ট্রেনের একটি বগি লাইনচ্যুত হয়। এতে সাময়িক বন্ধ হয়ে যায় খুলনার সাথে রাজশাহীসহ উত্তরবঙ্গ ও ঢাকা রুটের ট্রেন চলাচল।

‎‎বৃহস্পতিবার (২১ মে) রাত ৩ টার দিকে কোটচাঁদপুরের সাফদারপুর রেল স্টেশন এলাকায় এ ঘটনা ঘটে।

‎‎সাফদারপুর স্টেশন মাস্টার রিপন আলী জানান, খুলনার মোংলা থেকে ছেড়ে আসা ঈশ্বরদীগামী একটি মালবাহী ট্রেন সাফদারপুর স্টেশনের কাছে পৌঁছালে রাত ৩ টার দিকে পেছনের একটি বগি লাইনচ্যুত হয়। এতে বন্ধ হয়ে যায় খুলনার সাথে রাজশাহীসহ উত্তরবঙ্গের রেল চলাচল।

সকাল ৭ টায় খুলনা থেকে একটি উদ্ধারকারী ট্রেন ঘটনাস্থলে পৌছে উদ্ধার কাজ সম্পন্ন করে। দীর্ঘ ৫ ঘন্টা পর সকাল ৮ দিকে ট্রেন চলাচল স্বাভাবিক হয়েছে বলে জানিয়েছেন তিনি।

জয়রামপুর স্টেশনের সংস্কার ও সাগরদাঁড়ী-কপোতাক্ষ ট্রেনের স্টপেজ দাবিতে অবস্থান কর্মসূচি

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ঐতিহ্যবাহী জয়রামপুর রেলস্টেশনের সংস্কার, সাগরদাঁড়ী ও কপোতাক্ষ ট্রেনের স্টপেজ চালু, স্টেশন মাস্টার ও গেটম্যানসহ প্রয়োজনীয় লোকবল নিয়োগ এবং বন্ধ হয়ে যাওয়া ট্রেন চলাচল পুনর্বহালের দাবিতে অবস্থান কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ৯টায় জয়রামপুর রেলস্টেশন চত্বরে এ কর্মসূচি পালন করা হয়। কর্মসূচিতে জয়রামপুরসহ আশপাশের এলাকার সর্বস্তরের মানুষ

স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

এসময় চলাকালে খুলনা থেকে ছেড়ে আসা রাজশাহীগামী আপ কপোতাক্ষ ট্রেনটি মানববন্ধনকারীরা জয়রামপুর স্টেশনে সাময়িকভাবে থামিয়ে দেন। এ সময় ট্রেনের পরিচালক কর্মসূচিকারীদের সঙ্গে কথা বলেন এবং তাদের দাবিসমূহ সংশ্লিষ্ট রেলওয়ে কর্তৃপক্ষের কাছে পৌঁছে দেওয়ার আশ্বাস দেন।

পরবর্তীতে রেলওয়ে কর্তৃপক্ষের পক্ষ থেকে দাবি বিবেচনার আশ্বাস দেওয়া হলে কর্মসূচি স্থগিত করেন। কিছুক্ষণ পর স্বাভাবিকভাবে ট্রেন চলাচল পুনরায় শুরু হয়। এ ঘটনায় কোনো ধরনের অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হয়নি।

বক্তারা বলেন, জয়রামপুর রেলস্টেশনটি এই অঞ্চলের একটি গুরুত্বপূর্ণ ও ঐতিহাসিক স্টেশন হলেও দীর্ঘদিন ধরে চরম অবহেলার শিকার। স্টেশনে নিয়মিত ট্রেন না থামায় শিক্ষার্থী, চাকরিজীবী, কৃষক ও সাধারণ যাত্রীদের প্রতিদিন দুর্ভোগ পোহাতে হচ্ছে।

তারা আরও বলেন, সাগরদাঁড়ী ও কপোতাক্ষ ট্রেনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ট্রেনের স্টপেজ চালু হলে এ এলাকার যোগাযোগ ব্যবস্থা সহজ হবে এবং অর্থনৈতিক কর্মকাণ্ড আরও গতিশীল হবে।

বক্তারা অভিযোগ করেন, স্টেশনে পর্যাপ্ত জনবল না থাকায় নিরাপত্তা ও যাত্রীসেবায় মারাত্মক ঘাটতি রয়েছে। দ্রুত সংস্কার ও প্রয়োজনীয় জনবল নিয়োগ না হলে ভবিষ্যতে আরও কঠোর আন্দোলন কর্মসূচির হুঁশিয়ারি দেন তারা।

মানববন্ধনের আয়োজন করে দামুড়হুদাবাসীর পক্ষে জয়রামপুর ট্রেন সুবিধা সংরক্ষণ কমিটি।

আলমডাঙ্গা রেলস্টেশন থেকে

যুবকের মরদেহ উদ্ধার

আলমডাঙ্গা রেলওয়ে স্টেশন থেকে অজ্ঞাত পরিচয় এক যুবকের লাশ উদ্ধার করেছে রেলওয়ে পুলিশ। গতকাল সোমবার দিবাগত রাত সাড়ে বারোটার দিকে স্টেশনের প্ল্যাটফর্মের পাশে লাশটি পড়ে থাকতে দেখে যাত্রীরা পুলিশকে খবর দেন।

প্রথমে যাত্রীরা ভেবেছিলেন যুবকটি নেশাগ্রস্ত অবস্থায় পড়ে আছেন। কিন্তু ট্রেন আসার আগে সরাতে গেলে তারা বুঝতে পারেন তিনি মারা গেছেন। পরে রেলওয়ে পুলিশ ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে।

পুলিশ জানায়, মৃত ব্যক্তির আঙুলের ছাপ সংগ্রহ করে জাতীয় পরিচয়পত্রের ডাটাবেজে যাচাই করলে তার পরিচয় নিশ্চিত হওয়া যায়। তিনি পাবনা জেলার ঈশ্বরদী থানার খায়েরবাড়িয়া গ্রামের আবু আলীর ছেলে শরিফুল ইসলাম।

তবে কীভাবে তার মৃত্যু হয়েছে তা এখনো স্পষ্ট নয়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, হয়তো তাকে শ্বাসরোধ করে হত্যার পর প্ল্যাটফর্মের পাশে ফেলে রাখা হয়েছে। অন্যদিকে কিছু যাত্রীদের ধারণা, লাশটি এমনভাবে রাখা ছিল যে ট্রেন এলেই তা কেটে যেতে পারত। নেশাগ্রস্ত বা স্ট্রোক করলে তিনি অন্যত্র পড়ে থাকতেন, তাই ঘটনাটিকে রহস্যজনক বলছেন স্থানীয়রা।

চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ সূত্রে জানা গেছে, লাশ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠিয়েছে। সঠিক মৃত্যুর কারণ তদন্ত শেষে জানা যাবে।

কোটচাঁদপুর রেলস্টেশনের বাউন্ডারি রেলিং থেকে গৃহবধূর

মৃতদেহ উদ্ধার

কোটচাঁদপুর রেলস্টেশনের বাউন্ডারি রেলিং থেকে গলায় রশি দেয়া গৃহবধূর মৃতদেহ উদ্ধার করেছেন যশোর জিআরপি পুলিশ। শনিবার সকালে এ লাশ উদ্ধার করেন তারা।

মৃত রেহেনা খাতুনের মা রেবেকা খাতুন বলেন,শুক্রবার রাতে জামাই ফোন করে জিজ্ঞাসা করছিল,রেহেনা আমাদের বাড়িতে গেছে কিনা। রাত থেকে তাকে খুজে পাওয়া যাচ্ছিল না। এরপর থেকে আমাদের প্রতিটি আত্মীয়-স্বজনদের বাসায় খোঁজ করি। শনিবার সকালে জামাই আবার ফোন করে। বলে রেহেনাকে পাওয়া গেছে। ভাল আছে তাড়াতাড়ি চলে আসেন। এরপর এসে দেখতে পায় আমার মেয়ের লাশ রেলের রেলিং ঝুলছে।

তিনি বলেন, গেল ২০ বছর আগে রেহেনাকে কোটচাঁদপুরের রুদ্রপুর গ্রামের বিশারত আলীর সঙ্গে বিয়ে দিই। সংসারে তাদের ২ টি ছেলে মেয়েও আছে।

জানা যায়,মৃত রেহেনা খাতুন (৩০)। সে কোটচাঁদপুর পৌরসভাধীন রুদ্রপুর গ্রামের বিশারত আলী স্ত্রী। তবে আত্মহত্যার প্রকৃত কারন এখনও জানা সম্ভব হয়নি। স্থানীয়রা বলছেন,পারিবারিক কলহ থেকে এ আত্মহত্যার ঘটনা ঘটতে পারে।

যশোর জি আর পি পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক(এসআই) অসিম কুমার দাস বলেন,লাশের সুরতহাল রিপোর্ট করে ময়না তদন্তের জন্য যশোর নেয়া হবে। এরপর ময়না তদন্ত শেষে লাশটি,তাঁর স্বজনদের কাছে হস্তান্তর করা হবে। প্রাথমিক তদন্তে কি পেলেন, এ প্রশ্নে তিনি বলেন, প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে, সে আত্মহত্যা করেছেন। তবে ময়না তদন্ত রিপোর্ট হাতে পাওয়ার পর বল সম্ভব হবে, প্রকৃত ঘটনা কি।